# Basic Grammar

## Unit-1 : Language & Grammar (ভাষা ও ব্যাকরণ)

### LANGUAGE (ভাষা)

**Language :** মনের ভাব প্রকাশ করতে আমরা মুখ, জিহ্বা, কণ্ঠ, তালু, নাসিকা প্রভৃতি বাগযন্ত্রের সাহায্যে যে অর্থবোধক ধ্বনি উচ্চারণ করি তাকে Language বা ভাষা বলে।

Language বা ভাষা হল কতকগুলো অর্থবোধক Sound বা ধ্বনির সমষ্টি যা দ্বারা আমরা আমাদের মনের ভাব অন্যের নিকট প্রকাশ করে থাকি।

**ভাষার বিভিন্নতা :** পৃথিবীর সকল অঞ্চলের মানুষ একই ভাষায় কথা বলে না। এমন কি একই দেশে বিভিন্ন অঞ্চলে ভাষার ভিন্নতা রয়েছে। ভাষাবিদদের মতে, পৃথিবীতে প্রায় আড়াই হাজার ভাষা প্রচলিত রয়েছে। যেমন– বাংলাদেশের ভাষা বাংলা, ইংল্যান্ডের ভাষা ইংরেজি, ভারতের ভাষা হিন্দী। সেজন্য আমরা যখন বাংলাদেশ ছেড়ে অন্য দেশে যাই তখন তাদের ভাষা বুঝি না। সেজন্য পৃথিবীর সকল দেশেই তাদের মাতৃভাষার সাথে একটি ভাষা শিক্ষা দেয়া হয় যা পৃথিবীর সকল অঞ্চলের মানুষই বুঝতে পারে। আর সেটি হচ্ছে ইংরেজি ভাষা। একে আন্তর্জাতিক ভাষা (International Language) বলে।

বাংলা ভাষাকে জানার জন্য যেমন বাংলা ব্যাকরণ শিখতে হয় তেমনি ইংরেজি ভাষা শিখার জন্য ইংরেজি ব্যাকরণ (English Grammar) শিখতে হয়। আমরা বাংলায় যাকে ব্যাকরণ বলি ইংরেজিতে তাকে **Grammar** বলা হয়।

### GRAMMAR (গ্রামার)– ব্যাকরণ

**Grammar :** যে বই পড়লে ভাষা শুদ্ধভাবে পড়তে, লিখতে ও বলতে পারা যায় তাকে Grammar বা ব্যাকরণ বলে।

**English Grammar :** যে বই পড়লে ইংরেজি ভাষা শুদ্ধভাবে পড়তে, বলতে ও লিখতে পারা যায় তাকে English Grammar বলে।

### SOUND, LETTER AND ALPHABET (ধ্বনি, বর্ণ ও বর্ণমালা)

আমরা মনের ভাব প্রকাশের জন্য প্রথমে কি করি?—ধ্বনি বা Sound ব্যবহার করি।

আর, ভাষাকে লিখিত আকারে প্রকাশ করার জন্য আমরা যে চিহ্ন ব্যবহার করি তা-ই হচ্ছে Letter বা বর্ণ।

সকল বর্ণের বা Letter-এর সমষ্টিকে একত্রে Alphabet বা বর্ণমালা বলে।

1. **Sound (ধ্বনি) :** Letter বা বর্ণ উচ্চারণের সময় আমরা বাগযন্ত্রের সাহায্যে যে আওয়াজ সৃষ্টি করে থাকি তাদেরকে Sound বা ধ্বনি বলে। Sound হলো বর্ণের উচ্চারিত রূপ। যেমন– A-এর ধ্বনি এ, অ, অ্যা; B-এর ধ্বনি ব; C-এর ধ্বনি স, ক, চ ইত্যাদি।
2. **Letter (বর্ণ) :** মুখে উচ্চারিত ধ্বনিগুলোর লিখিত রূপই হচ্ছে Letter বা বর্ণ।
3. **Alphabet (বর্ণমালা) :** ইংরেজি ভাষার A থেকে Z পর্যন্ত মোট ২৬টি Letter বা বর্ণকে একত্রে Alphabet বা বর্ণমালা বলে।

আমরা জানি, বাংলা ভাষার বর্ণগুলোকে সব জায়গায় একইভাবে লেখা যায়। কিন্তু ইংরেজি ভাষার Letter-গুলো বাক্যে একইরূপ লেখা যায় না। আকারের দিক দিয়ে ইংরেজি letter–গুলো দু'রকম। যেমন– Capital letter ও Small letter.

**Capital Letter** (বড় হাতের অক্ষর) :

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
| N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |

**Small Letter** (ছোট হাতের অক্ষর) :

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f | g | h | i | j | k | l | m |
| n | o | p | q | r | s | t | u | v | w | x | y | z |

### VOWEL AND CONSONANT (স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ)

২৬টি বর্ণ নিয়ে ইংরেজি বর্ণমালা বা Alphabet গঠিত। উক্ত ২৬টি বর্ণকে উচ্চারণের ক্ষেত্রে দুটি ভাগে ভাগ করা হয়েছে। যথা– Vowel এবং Consonant.

**Vowel :** "যে সকল বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হতে পারে তাকে Vowel বা স্বরবর্ণ বলে।"

ইংরেজি ভাষায় Vowel ৫টি। যথা–

A (এ); E (ঈ); I (আই); O (ও); U (ইউ).

এ বর্ণগুলো অন্য বর্ণের উচ্চারণেও সহায়তা করে থাকে। Vowel ছাড়া ইংরেজি ভাষায় কোন Word গঠিত হয় না। যথা– Book, Clear, Person, Jackson ইত্যাদি।

**Consonant :** যে সকল বর্ণ Vowel বা স্বরবর্ণের সাহায্য ছাড়া স্বাধীনভাবে উচ্চারিত হতে পারে না তাদেরকে Consonant বা ব্যঞ্জনবর্ণ বলে।

ইংরেজি ভাষায় Consonant বা ব্যঞ্জনবর্ণের সংখ্যা 21টি। যেমন— B (বী), C (সি), D (ডি), F (এফ), G (জি), H (এইচ), J (জে), K (কে), L (এল), M (এম), N (এন), P (পি), Q (কিউ), R (আর), S (এস), T (টি), V (ভি), W (ডব্লিউ), X (এক্স), Y (ওয়াই), Z (জেড)।

**Semi-vowel (অর্ধ স্বর বা অর্ধ ব্যঞ্জন) :** W এবং Y এই দুইটি Letter Vowel ও Consonant উভয় প্রকারেই উচ্চারিত ও ব্যবহৃত হয় বলে এ দুটিকে Semi-Vowel বা অর্ধ স্বর বা সাদৃশ্য স্বরবর্ণ বলা হয়।

**Word and Syllable (শব্দ ও শব্দাংশ) :** এক বা একাধিক Letter বা বর্ণ যখন পাশাপাশি বসে একটি অর্থ প্রকাশ করে, তখন তাকে Word বা শব্দ বলে। যেমন— Girl, Nahid, Hasina, Table, Nail ইত্যাদি।

Word গঠনের কিছু শর্ত রয়েছে। যেমন—

(i) এটি Vowel ব্যতীত গঠিত হয় না।

(ii) কতকগুলো Letter পাশাপাশি বসালেই Word হবে না বরং Word-টি কোন অর্থ প্রকাশ করছে কি-না বিবেচনা করতে হবে। যেমন— BOAT (বোট) অর্থ নৌকা, কিন্তু OTAB কোন অর্থ বুঝায় না অথচ BOAT এই শব্দের সবক'টি শব্দই OTAB-তে রয়েছে।

## Unit-2 : Sentence (বাক্য)

পারস্পরিক অর্থ সঙ্গতি বিশিষ্ট কতকগুলো অর্থবোধক Word বা শব্দের সমন্বয়কেই Sentence বলে। যেমন—

I have a pen. (আমার একটি কলম আছে।)
How long is your school day? (তোমার বিদ্যালয় কতক্ষণ ধরে চলে?)
Open your book. (তোমার বইটি খোল।)

**মনে রাখবে :**

- Sentence-এর প্রথম অক্ষর capital letter হয়। যেমন—
  Rokeya likes to read.
- Sentence-এর ধরন অনুসারে Sentence-এর শেষে উপযুক্ত Punctuation mark বা বিরাম চিহ্ন বসে। যেমন—
  It is March now [.] (এখন মার্চ মাস।)
  What month is it now [?] (এখন কী মাস?)
  Do it again, please [!] (অনুগ্রহ করে আবার করো!)

**Subject and predicate (উদ্দেশ্য ও বিধেয়)**

প্রত্যেক Sentence-এর দুটি ভাগ থাকে। একটি Subject এবং অপরটি Predicate.

1. Sentence-এ যার সম্বন্ধে কিছু বলা হয়, তাকে Subject (উদ্দেশ্য) বলে।
2. Sentence-এ subject সম্বন্ধে যা বলা হয়, তাকে Predicate বলে।

ব্যাখ্যা : The boy goes to school every day. Sentence-টিতে কার সম্বন্ধে বলা হয়েছে? The boy সম্পর্কে। সুতরাং 'The boy' হলো Sentenceটির Subject. The boy সম্পর্কে কি বলা হয়েছে 'goes to school everyday'. (প্রতিদিন স্কুলে যায়)। সুতরাং Sentence—টির Predicate হলো 'goes to school everyday'.

### Kinds of Sentences (বাক্যের প্রকারভেদ)

Sentence ৫ প্রকার। যথা— 1. Assertive, 2. Interrogative, 3. Imperative, 4. Optative, 5. Exclamatory

**Assertive sentence (বিবৃতিমূলক বা ঘোষণামূলক বাক্য)**

যে Sentence কোন বিবৃতি প্রদান করে তাকে Assertive Sentence বলে। যেমন—

We play football. They worked hard.

Assertive Sentence দুই প্রকার : (i) Affirmative (অ্যাফারমেটিভ)— হ্যাঁ-বোধক ও (ii) Negative (নেগেটিভ)— না-বোধক।

(i) **Affirmative Sentence (হ্যাঁ-বোধক বাক্য) :** যে Assertive sentence-দ্বারা কোন হ্যাঁ-বোধক উক্তি করা হয়, তাকে Affirmative sentence বলে। যেমন— I eat rice.

(ii) **Negative Sentence (না-বোধক বাক্য) :** যে Assertive sentence-দ্বারা না-বোধক উক্তি করা হয়, তাকে Negative Sentence বলে। যেমন— I do not eat rice.

**Interrogative sentence (প্রশ্নবোধক বাক্য)**

যে Sentence দ্বারা কোন প্রশ্ন করা হয়, তাকে Interrogative Sentence বলে।

যেমন— Am I ill?— আমি কি অসুস্থ? Do we like reading books?— আমরা কি বই পড়তে পছন্দ করি?
What do you want?— তুমি কি চাও? May I go out?— আমি কি বাইরে যেতে পারি?

সাধারণত, প্রশ্ন করতে auxiliary verb (যেমন— am, is, are, was, were, shall/ will be, have, has, had) এবং WH-word (যেমন— who, what, when, how, why, which) ব্যবহৃত হয়।

**Imperative sentence (আদেশ, অনুরোধ বা উপদেশসূচক বাক্য)**

যে Sentence দ্বারা আদেশ, নিষেধ, উপদেশ, অনুনয়, বিনয় ইত্যাদি বুঝায়, তাকে Imperative Sentence বলে। যেমন—

Stand up. (দাঁড়াও।) → আদেশ

Please sit down. (অনুগ্রহ করে বসুন।) → অনুরোধ

Read attentively. (মনোযোগ দিয়ে পড়।) → উপদেশ।

**Optative sentence (ইচ্ছাসূচক বাক্য)**

যে Sentence-এ বক্তার প্রার্থনা, ইচ্ছা, আশীর্বাদ, ইত্যাদি প্রকাশ পায় তাকে Optative Sentence বলে। যেমন—

May Allah bless you. (আল্লাহ তোমার সহায় হউন।)

Long live our President. (আমাদের প্রেসিডেন্ট দীর্ঘজীবি হউন।)

**Exclamatory sentence (বিস্ময়সূচক বাক্য)**

যে Sentence মনের আকস্মিক ভাব বা আবেগ প্রকাশ করে, তাকে Exclamatory Sentence বলে। যেমন— What a big elephant it is! (কত বড় হাতি!) How foolish you are! (তুমি কি বোকা!)

## Unit-3 : Parts of Speech (পদ প্রকরণ)

Sentence গঠনে ব্যবহৃত প্রতিটি অর্থবোধক Word-কে বলা হয় Parts of Speech। Parts of Speech আট প্রকার। যথা—

1. Noun (বিশেষ্য)
2. Pronoun (সর্বনাম)
3. Adjective (বিশেষণ)
4. Verb (ক্রিয়া)
5. Adverb (ক্রিয়া বিশেষণ)
6. Preposition (পদানুয়ী বা সমন্বয়সূচক অব্যয়)
7. Conjunction (সংযোজক অব্যয়)
8. Interjection (আবেগসূচক অব্যয়।)

1. **Noun :** যে word কোন কিছুর নাম (যেমন— ব্যক্তি, বস্তু, প্রাণী, স্থান, গুণ ইত্যাদি) বোঝায় তাকে Noun বলে। যেমন— Dhaka, cow, mother, tree, pen, duster, honesty ইত্যাদি।
2. **Pronoun :** বাক্যে কোন Noun-এর পরিবর্তে যে শব্দটি ব্যবহার করা হয় তাকে Pronoun বলে। যেমন— he, she, it, we, they, you ইত্যাদি।
3. **Adjective :** যে Word কোন Noun/Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলে। যেমন— good, bad, fat, beautiful, white, nice ইত্যাদি।
4. **Verb :** যে শব্দ দিয়ে কোন কাজ করা (যেমন— যাওয়া, হওয়া, খাওয়া, থাকা ইত্যাদি (বোঝায় তাকে Verb বলে। যেমন— come, go, do, see, play, run, say ইত্যাদি।
5. **Adverb :** যে Word verb, adjective বা অপর কোন Adverb-কে বিশেষিত করে তাকে Adverb বলে। যেমন— slowly, quickly, loudly, neatly, well, very ইত্যাদি।
6. **Preposition :** যে word Noun বা Pronoun-এর পূর্বে বসে ঐ Noun বা Pronoun-এর সাথে বাক্যস্থিত অন্য শব্দের সম্পর্ক প্রকাশ করে তাকে preposition বলে। যেমন— at, on, of, with, by, above ইত্যাদি।
7. **Conjunction :** যে word দুই বা ততোধিক word বা sentence-কে যুক্ত করে তাকে Conjunction বলে। যেমন— And, or, but, though, when ইত্যাদি।
8. **Interjection :** যে সকল word দ্বারা আমরা মনের আনন্দ, বিষাদ, ঘৃণা, বিস্ময় ইত্যাদি প্রকাশ করি তাকে Interjection বলে। যেমন— Oh, Ah, Alas, Hurrah, Bravo ইত্যাদি।

## Unit-4 : Number (বচন)

যে Word দ্বারা কোন Noun বা Pronoun-এর সংখ্যা বুঝায়, তাকে Number (বচন) বলে। ইংরেজিতে Number দু'প্রকার। যথা—

1. Singular (সিংগুলার) Number— একবচন,

2. Plural (প্লুরাল) Number— বহুবচন।

**Singular Number (একবচন) :** যে Noun বা Pronoun দ্বারা একটি মাত্র সংখ্যা বুঝায়। তাকে Singular Number বলে। যথা— boy, man, book, it, this ইত্যাদি।

**Plural Number (বহুবচন)** : যে Noun বা Pronoun দ্বারা একের অধিক সংখ্যা বুঝায় তার Plural Number হয়। যথা– boys, men, books we, there ইত্যাদি।

নিচে **Singular ও Plural-এর** কিছু উদাহরণ দেয়া হল :

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| baby (শিশু) | babies | king (রাজা) | kings |
| bamboo (বাঁশ) | bamboos | lady (মহিলা) | ladies |
| body (দেহ) | bodies | leaf (পাতা) | leaves |
| box (বাক্স) | boxes | life (জীবন) | lives |
| brother (ভাই) | brothers | loaf (রুটি) | loaves |
| bush (ঝোঁপঝাড়) | bushes | negro (নিগ্রো) | negroes |
| child (শিশু) | children | ox (ষাঁড়) | oxen |
| city (শহর) | cities | radio (রেডিও) | radios |
| cow (গরু) | kine/cows | strife (সংগ্রাম করা) | strives |
| doll (পুতুল) | dolls | tooth (দাঁত) | teeth |
| dormouse (উদ বিড়াল) | dormice | volcano (আগ্নেয়গিরি) | volcanoes |
| fox (খেকশিয়াল) | foxes | wife (স্ত্রী) | wives |
| goose (রাজহাঁস) | geese | wolf (নেকড়ে বাঘ) | wolves |
| heart (অন্তর) | hearts | woman (স্ত্রীলোক) | women |

## Unit-5 : Gender (লিঙ্গ)

যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী, পুরুষ, কিংবা পুরুষ-স্ত্রী উভয়ই বা স্ত্রী-পুরুষ কোনটাকে না বুঝিয়ে কোন অচেতন পদার্থকে বুঝায়, সেই Noun বা Pronoun-কে Gender (লিঙ্গ) বলে।

**Gender এর শ্রেণীবিভাগ** : Gender চার প্রকার। যথা–
1. Masculine Gender (পুংলিঙ্গ), 2. Feminine Gender (স্ত্রীলিঙ্গ), 3. Common Gender (উভয়লিঙ্গ), 4. Neuter Gender (ক্লীব লিঙ্গ)।

1. **Masculine Gender (মেসকুলিন জেন্ডার)— পুংলিঙ্গ** : যে Noun বা Pronoun দ্বারা শুধুমাত্র পুরুষজাতীয় প্রাণীদেরকে বোঝায়, তাদেরকে Masculine Gender বলে। যেমন– Man, Fox, Bull, Mr, He, Cock, Husband, etc.
2. **Feminine Gender (ফেমিনিন জেন্ডার)— স্ত্রীলিঙ্গ** : যে সব Noun বা Pronoun দ্বারা শুধুমাত্র স্ত্রী জাতীয় প্রাণীদেরকে বোঝায়, তাদেরকে Feminine Gender বলে। যেমন– Woman, Mrs, Wife, Cow, Hen, She, etc.
3. **Common Gender (উভয়লিঙ্গ)** : যে Noun বা Pronoun দ্বারা পুরুষজাতি বা স্ত্রীজাতি উভয়কে বোঝায় তাকে Common Gender বলে। যেমন– Baby, Parent, Child, Pupil, Teacher ইত্যাদি।
4. **Neuter Gender (ক্লীবলিঙ্গ)** : যে Noun বা Pronoun দ্বারা পুরুষ জাতি বা স্ত্রী জাতিকে না বুঝিয়ে অচেতন পদার্থকে বুঝায়, তাকে Neuter Gender বা ক্লীবলিঙ্গ বলে। যেমন– Ball, Pen, Watch, Chair ইত্যাদি।

**Masculine ও Feminine Gender-এর কিছু উদাহরণ**

| Masculine (পুং লিঙ্গ) | Feminine (স্ত্রী লিঙ্গ) | Masculine (পুং লিঙ্গ) | Feminine (স্ত্রী লিঙ্গ) |
|---|---|---|---|
| actor (অভিনেতা) | actress (অভিনেত্রী) | man (পুরুষ) | woman (স্ত্রী লোক) |
| boar (শূকর) | sow (শূকরী) | master (প্রভু) | mistress (প্রভুপত্নী) |
| boy (বালক) | girl (বালিকা) | master (কুমার) | miss (কুমারী) |
| boy baby (পুরুষ শিশু) | girl baby (মেয়ে শিশু) | mr (মহাশয়) | mrs (মহাশয়া) |
| brother (ভাই) | sister (বোন) | papa (পিতা) | mamma (মাতা) |
| brother-in-law (শ্যালক) | sister-in-law (শ্যালিকা) | poet (কবি) | poetess (মহিলা কবি) |
| cock (মোরগ) | hen (মুরগী) | prophet (দৈবজ্ঞ) | prophetess (দৈবজ্ঞা) |
| colt (পুং অশ্বশাবক) | filly (মাদী অশ্বশাবক) | ram (ভেড়া) | ewe (ভেড়ী) |
| dog (কুকুর) | bitch (মাদী কুকুর) | son (পুত্র) | daughter (কন্যা) |
| heir (উত্তরাধিকারী) | heiress (উত্তরাধিকারীনি) | sorcerer (যাদুকর) | sorceress (যাদুকরী) |
| horse (ঘোড়া) | mare (মাদী ঘোড়া) | sultan (সম্রাট) | sultana (সম্রাজ্ঞী) |

| Masculine (পুং লিঙ্গ) | Feminine (স্ত্রী লিঙ্গ) | Masculine (পুং লিঙ্গ) | Feminine (স্ত্রী লিঙ্গ) |
|---|---|---|---|
| host (অতিথি সেবক) | hostess (অতিথি সেবিকা) | tiger (বাঘ) | tigress (বাঘিনী) |
| jack-ass (পুরুষ গর্দভ) | she-ass (মাদী গর্দভ) | tutor (শিক্ষক) | tutress (শিক্ষিকা) |
| jew (ইহুদী পুরুষ) | jewess (ইহুদী স্ত্রী লোক) | uncle (চাচা, ফুফা) | aunt (চাচি, ফুফু, খালা) |
| lion (সিংহ) | lioness (সিংহী) | waiter (পরিচারক) | waitress (পরিচারিকা) |

## Unit-6 : Person (ব্যক্তি)

Sentence বা বাক্যে ব্যবহৃত যে Noun বা Pronoun-কে কেন্দ্র করে Verb-এর কাজ সম্পন্ন হয়ে থাকে তাকে Person বলে। ইংরেজিতে Person তিন প্রকার। যথা–

1. First Person (উত্তম পুরুষ), 2. Second Person (মধ্যম পুরুষ) ও 3. Third Person (নাম পুরুষ)।

**First Person :** যে শব্দের মাধ্যমে বক্তা নিজেকে বা নিজেদের সম্বন্ধে বুঝায় তাকে First Person বা উত্তম পুরুষ বলে। যথা– I, me, my, mine, we, us, our, ours ইত্যাদি।

**Second Person :** বক্তা যাকে উদ্দেশ্য করে কিছু বলে তাকে Second person বলে। যথা– you, your, yours, thou ইত্যাদি।

**Third Person :** কারো অনুপস্থিতিতে বা কাউকে অনির্দিষ্টভাবে বোঝাতে বক্তা যে শব্দের আশ্রয় নেয়, তাকে third person বলে। অর্থাৎ বক্তা যার সম্পর্কে বা যে সম্পর্কে কিছু বলে তা Third Person. যথা–
He, his, him, she, her, it, them, they ইত্যাদি।

## Unit-7 : Articles (পদাশ্রিত নির্দেশক)

A, An, The— এ তিনটি word-কে Article বলা হয়।
A, An, The Adjective-এর ন্যায় Noun-এর আগে বসে।
A ও An-এর পরবর্তী Noun অবশ্যই Singular Number-এ হবে।
The-এর পরবর্তী Noun-টি Singular ও Plural উভয় Number-ই হয়।

**Article দুই প্রকার।** যথা– 1. Indefinite Article, 2. Definite Article

A ও An–কে Indefinite Article বলে। কারণ, তা অনির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণীর পূর্বে বসে। The–কে Definite Article বলে। কারণ, the নির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণীর পূর্বে বসে।

### A-এর ব্যবহার

1. কোন Word-এর প্রথম অক্ষর Consonant sound হলে তার পূর্বে a বসে। যথা– The dog has **a** tail. This is **a** cow. **A** Spider spins a web.
2. যে সকল Word-এর প্রথম অক্ষর Vowel sound এবং এর উচ্চারণ লম্বা U ইউ (অর্থাৎ eu বা you) এর মত, তাদের পূর্বে A বসে। যথা– **A** useful book, **A** unit, **A** university, **A** European, **A** ewe, **A** uniform ইত্যাদি।
3. One যুক্ত শব্দের পূর্বে a বসে। যেমন– a one-taka note

### An-এর ব্যবহার

1. কোন Word-এর প্রথম অক্ষর Vowel sound অর্থাৎ a, e, i, o, u হলে তার পূর্বে an বসে। যথা– **An** apple, **An** ox, **An** ink-pot, **An** umbrella, **An** eagle.
2. যদি কোন Word-এর উচ্চারণ Vowel-এর মত শোনায় তবে তার পূর্বে an বসে। যথা–
He is **an** MBBS. এখানে M–এর উচ্চারণে em অর্থাৎ Vowel এসেছে বিধায় An বসেছে।

### 'The'-এর ব্যবহার

1. কোন কিছু নির্দিষ্ট করে বুঝালে Singular হোক বা Plural হোক উভয় প্রকার noun-এর পূর্বে The বসে। যেমন– The boy, The books, The hare, ইত্যাদি।
2. Proper noun (যে noun দ্বারা নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, স্থান ইত্যাদির নাম বুঝায়)-এর আগে The বসে না। কিন্তু নদী, সাগর, ধর্মগ্রন্থ, সাধারণ স্থান, পর্বতমালা, সংবাদপত্র, দিক প্রভৃতি Proper noun-এর আগে The বসে। যেমন– The Bay of Bengal, The Pacific Ocean, The Padma, The Quran, The High Court, The Alps, The Daily Star, The North ইত্যাদি।
3. Countable noun (গণনাযোগ্য বিশেষ্য) ও Common noun (একশ্রেণীর সমগ্র ব্যক্তি/বস্তুর নাম) দ্বারা সমগ্র জাতি বোঝালে তার পূর্বে The বসে। যেমন– The horse, The cow ইত্যাদি।
4. যে সকল বস্তু একটির অধিক নেই, তাদের নামের পূর্বে The বসে। যেমন– The sun, The moon, The earth, The sky ইত্যাদি।

## Unit-8 : Strong and Weak Verb

**Strong verb :** যে সমস্ত Verb-এর ভিতরের Vowel বদলিয়ে Past Tense বা Past participle রূপ গঠন করা হয় তাদের Strong Verb বলে। যেমন : sit — sat — sat — sitting; fall — fell — fallen — falling

**Weak Verb :** কতগুলো Verb আছে যাদের Past tense বা Past participle গঠন করবার সময় শেষে d, ed, t, প্রভৃতি যোগ করতে হয় কিংবা এমন কতগুলো verb আছে যাদের Form সকল tense -এ একই থাকে এবং present form-এর সাথে -ing যোগ করে present participle গঠন করা যায়, তাদের Weak Verb বলে। যেমন– add — added — added — adding

**List of Strong Verbs**

| Present | Past | Past Participle |
|---|---|---|
| abide (থাকা, বাস করা) | abode | abode |
| arise (উঠা) | arose | arisen |
| awake (জাগা) | awoke | awaken |
| bid (আদেশ করা) | bade | bidden |
| bite (দংশন করা) | bit | bitten, bit |
| buy (ক্রয় করা) | bought | bought |
| eat (খাওয়া) | ate | eaten |
| fall (পড়া) | fell | fallen |
| forget (ভুলে যাওয়া) | forgot | fotgotten |
| give (দেওয়া) | gave | given |
| grow (জন্মান) | grew | grown |
| hang (ঝুলে রাখা) | hung | hung |
| hide (লুকান) | hid | hidden, hid |
| hold (ধরা) | held | held |
| know (জানা) | knew | known |
| lead (পরিচালনা) | led | led |
| lie (শোয়া) | lay | lain |
| stand (দাঁড়ান) | stood | stood |
| steal (চুরি করা) | stole | stolen |
| throw (নিক্ষেপ করা) | threw | thrown |
| wear (পরা) | wore | worn |
| weave (বোনা) | wove | woven |

**List of Weak Verbs**

| Present | Past | Past Participle |
|---|---|---|
| act (কাজ করা) | acted | acted |
| agree (সম্মত হওয়া) | agreed | agreed |
| buy (ক্রয় করা) | bought | bought |
| catch (ধরা) | caught | caught |
| dwell (বাস করা) | dwelt | dwelt |
| feed (খাওয়ান) | fed | fed |
| hear (শুনা) | heard | heard |
| hurt (আঘাত করা) | hurt | hurt |
| keep (রাখা) | kept | kept |
| learn (শিক্ষা করা) | learnt | learnt |
| leave (ত্যাগ করা) | left | left |
| pay (দেওয়া) | paid | paid |
| read (পড়া) | read | read |

| Present | Past | Past Participle |
|---|---|---|
| send (পাঠান) | sent | sent |
| shut (বন্ধ করা) | shut | shut |
| tell (বলা) | told | told |
| weep (কাঁদা) | wept | wept |
| wet (ভিজান) | wet, wetted | wet, wetted |

## Unit-9 : Tenses (ক্রিয়ার কাল)

কোন কাজ সম্পন্ন হওয়ার ভিন্ন ভিন্ন সময় নির্দেশ করতে verb-এর রূপের যে পরিবর্তন হয়, তাকে verb-এর tense বলে। Tense মূলত তিন প্রকার। যথা–

1. Present Tense (বর্তমান কাল)
2. Past Tense (অতীত কাল)
3. Future Tense (ভবিষ্যৎ কাল)

উপরের প্রতিটি tense-কে আরো 4টি করে স্বতন্ত্র ভাগে ভাগ করা যায়। বিস্তারিত নিচে দেখানো হল–

### Present Tense (বর্তমান কাল)

কোন verb দ্বারা বর্তমান সময়ে কোন কাজ করা বা হওয়া বোঝালে তাকে Present tense বলে। যেমন–

I **go** home. (আমি বাড়ি যাই (এখন)।)
Swapna **plucks** a flower. (স্বপ্না ফুল তোলে।)

প্রকারভেদ : Present Tense চার প্রকার। যথা–

1. **Present Indefinite Tense :** সাধারণভাবে বর্তমানে কোন কাজ হওয়াই Present Indefinite Tense এর আওতাভুক্ত। যেমন–

I play আমি খেলি।
They play তারা খেলে ইত্যাদি।

**সাধারণ ব্যবহার :** চিরন্তন সত্য বুঝালে Present Indefinite Tense হয়। যেমন– Man is mortal (মানুষ মরণশীল।)

**মনে রেখো :**

**(i)** Present Indifinite Tense-এর Subject যদি Third Perosn Singular Number হয়, তাহলে Verb এর শেষে –s বা –es যুক্ত হয়।

**(ii)** এই tense-এর প্রশ্নবোধক বাক্য তৈরি করতে Subject-এর পূর্বে Do বা Does হবে। তখন Verb-এর সাথে –s বা –es থাকলে তা উঠে যাবে। যেমন–

He goes to school.→ Does he go to school?
They drink tea. → Do they drink tea?

**(iii)** এ tense-এর না-বোধক বাক্য তৈরী করতে Subject-এর পরে do not বা does not হবে। তখন verb এর সাথে –s বা –es থাকলে তা উঠে যাবে।

Kamal plays football. → Kamal does not play football.
She makes tea. → She does not make tea.
We play cricket.→ We do not play cricket.

2. **Present Continuous tense :** কোন কাজ বর্তমানে চলছে বা নিকট এবং অনিশ্চিত ভবিষ্যতে হবে বোঝালে verb-এর Present Continuous Tense হয়। যেমন–

| Person | Singular | Plural |
|---|---|---|
| First | I am playing | We are playing, |
| Second | You are playing | You are playing |
| Third | He/she is playing | They are playing |

এখানে লক্ষ করলে দেখবে First person singular number— এ am, Third person singular number-এ is ও অন্যান্য তথা First person plural, second person singular ও Plural এবং Third person plural-এ are বসে।

প্রশ্নবোধক করতে হলে সাহায্যকারী ক্রিয়া প্রথমে হবে :

তুমি কি ভাত খাচ্ছ?– Are you eating rice? তারা কি মাছ ধরছে?– Are they catching fish?

3. **Present Perfect Tense :** Verb-এর কোন কাজ বর্তমান কালের কিছু আগে শুরু হয়ে এইমাত্র শেষ হয়েছে কিন্তু তার ফল এখনও বিদ্যমান এরূপ বোঝালে verb-এর Present Perfect Tense হয়। যথা–

Shilpi **has finished** her work.

**I have played.**

**মনে রাখবে :** Subject-টি Third Person Singular number হলে has এবং বাকী সকল Subject-এর সঙ্গে have বসবে।

- প্রশ্নবোধক করতে হলে have বা has প্রথম হবে :

তুমি কি ভাত খেয়েছো?— Have you eaten rice?

- না-বোধক করতে হলে have বা has এর পরে not হবে :

আমি ভাত খাইনি।— I have not eaten rice.

4. **Present Perfect Continuous Tense :** Verb-এর কোন কাজ অতীতে শুরু হয়ে বর্তমান কালেও চলছে এরূপ বোঝাতে verb-এর Present Perfect Continuous Tense হয়। যথা–

I have been playing. They have been playing.

He has been playing. We have been playing.

**মনে রাখবে :** Third person singular subject-এর পরে has been এবং বাকী সকল subject-এর পরে have been হবে।

## Past Tense (অতীত কাল)

কোন verb-এর কাজ অতীতে হয়েছিল এরূপ বোঝালে তার Past Tense হয়। যেমন–

I went home. (আমি বাড়ি গিয়েছিলাম।)

You played football. (তুমি ফুটবল খেলেছিলে।)

**প্রকারভেদ :** Past Tense চার প্রকার। যথা–

5. **Past Indefinite Tense :** Verb-এর কাজ অতীতকালে সমাধা হয়েছে এবং এর ফল বর্তমানে বিদ্যমান নাই এরূপ বোঝালে verb-এর Past Indefinite tense হয়। যথা–

I played, They played, We played, He/ She played.

Sumi wrote a letter.

Zaman caught a lot of fishes.

- প্রশ্নবোধক হলে subject-এর পূর্বে Did হবে। তখন main verb-এর present form হবে।

I did not read the book.

6. **Past Continuous Tense :** ক্রিয়ার যে কাজ অতীতকালে শুরু হয়ে অতীতকালেই চলছিল এরূপ বোঝাতে verb-এর **Past Continuous Tense** হয়। যথা–

I was playing, They are playing.

Babu was doing his home work.

I was drawing a picture.

The children were making a noise.

- First Person Singular Number ও Third Person Singular Number-এ was এবং অন্যান্য সকল ক্ষেত্রে were বসে।

7. **Past Perfect Tense :** অতীতে সংঘটিত দুটি ক্রিয়ার মধ্যে অপেক্ষাকৃত আগে সম্পন্ন ক্রিয়াটির Past Perfect Tense হয় এবং পরে সংঘটিত ক্রিয়াটির Past Indefinite Tense হয়। যথা–

I had played, They had played.

He/ She had played, We had played. You had played.

- মনে রাখবে পরে সংঘটিত কাজটি past indefinite tense-এ হবে। After-এর পরে had এবং before-এর পূর্বে had বসে। যথা–

The patient had died before the doctor came. (ডাক্তার আসার পূর্বেই রোগী মারা গেল।)

8. **Past Perfect Continuous Tense :** অতীতে সংঘটিত দুটি ক্রিয়ার মধ্যে অপেক্ষাকৃত আগে সম্পন্ন ক্রিয়াটি কিছু সময় ধরে চলছিল বোঝালে verb-এর Past Perfect Continuous Tense হয় ও পরে সংঘটিত ক্রিয়াটি Past Indefinite Tense হয়। যথা–

I had been playing- [(কোন অতীত ঘটনার পূর্বে) আমি খেলতেছিলাম।]

We had been working.

## Future Tense (ভবিষ্যৎ কাল)

কোন verb-এর কাজ ভবিষ্যৎ কালে হবে এরূপ বোঝালে তার Future Tense হয়। যেমন–
You will pluck a flower. (তুমি একটি ফুল তুলবে।)
We will swim in the river. (আমরা নদীতে সাঁতার কাটব।)

প্রকারভেদ : Future Tense চার প্রকার। যথা–

9. **Future Indefinite tense :** কোন কাজ ভবিষ্যতে সম্পন্ন হবে বোঝাতে Future Indefinite Tense হয়। যথা–
I shall play.
They will play.
Zaman will draw a picture.
You will do this.
- মনে রাখবে, First person (I ও We)-এর পরে shall হবে এবং বাকী সব Subject-এর পরে will হবে।
- প্রশ্নবোধক বাক্য হলে shall বা will প্রথমে হবে।
তুমি কি ভাত খাবে?— Will you eat rice?
- না-বোধক বাক্য হলে Subject-এর পরে shall not বা will not হবে।
তারা ঢাকা যাবে না।— They will not go to Dhaka.

10. **Future Continuous Tense :** কোন verb-এর ক্রিয়া ভবিষ্যৎ কালে কিছু সময় ধরে চলতে থাকবে বোঝালে verb-এর Future Continuous Tense হয়। যথা–
I shall be playing.
The will be playing.
You will be playing.
- মনে রাখবে, First person (I, We)-এর পরে shall be এবং বাকী সব person-এর পরে will be হবে।
- প্রশ্নবোধক বাক্য হলে shall/will subject-এর পূর্বে হবে।
তুমি কি মাছ ধরতে থাকবে?— Will you be catching fish?
- না-বোধক বাক্য হলে shall/will-এর পরে not হবে।
তারা বল খেলতে থাকবে না।— They will not be playing football.

11. **Future Perfect Tense :** ভবিষ্যতে কোন কাজ সম্পন্ন হতে থাকবে এরূপ অনুমান করা হলে অথবা দুটি ভবিষ্যৎ কাজের যেটি অপেক্ষাকৃত পূর্বে সম্পন্ন হবে তার Future Perfect Tense হয়। যথা–
I shall have played.
They will have played.
- যে কাজটি পরে হবে তার present indefinite tense হবে।
সে আসার পূর্বে আমি অংকটি করে থাকব।— I shall have done the sum before he comes.

12. **Future Perfect Continuous Tense :** কোন ভবিষ্যৎ সময়ে কোন কাজ কিছু সময় ধরে চলতে থাকবে বুঝালে এ tense হয়। যথা–
You will have been reading. I shall have been working. He/She will have been playing.

## Unit-10 : Making Wh-Questions

যখন কোনো প্রশ্ন WH-word দিয়ে শুরু হয় তখন তাকে WH-question বলা হয়। এ ধরনের প্রশ্নের উত্তর yes/ no দ্বারা দেয়া যায় না বরং পূর্ণাঙ্গ বাক্যাকারে দিতে হয়। সর্বমোট ৯টি WH-word রয়েছে, যেমন– Who, Whose, Whom, Which, When, Where, Why, What এবং How। How শব্দটি Wh-দিয়ে শুরু না হলেও এটি Wh-word এর অন্তর্ভুক্ত।

Use of Wh-words : (Wh-word-এর ব্যবহার) :

| Wh-Word | যে ধরনের প্রশ্ন করতে ব্যবহৃত হয় | Examples |
|---|---|---|
| 1. WHAT-*pronoun/ adjective/adverb* | সুনির্দিষ্ট ব্যক্তি, বস্তু, প্রাণি সম্বন্ধে জানতে | What is your name? (তোমার নাম কী?)<br>What book did you read? (তুমি কোন বইটি পড়েছো?)<br>What does it matter? (এটার মানে কী?) |
| 2. WHO-*pronoun* | ব্যক্তি সম্বন্ধে জানতে ব্যবহৃত হয় | Who did it? (এটি কে করেছে?)<br>Who is your brother? (কে তোমার ভাই?) |
| 3. WHOSE-*pronoun /adjective* | 'কার' অধিকারে আছে এ প্রশ্ন করতে ব্যবহৃত হয় | Whose are these? (এগুলো কার?)<br>Whose book is this? (এ বইটি কার?) |

| | Wh-Word | যে ধরনের প্রশ্ন করতে ব্যবহৃত হয় | Examples |
|---|---|---|---|
| 4. | WHOM-*pronoun* (Who-এর objective case) | 'কাকে?' এই প্রশ্ন করতে ব্যবহৃত হয় | Whom do you love best? (তুমি কাকে বেশি ভালোবাস?)<br>Whom did you invite yesterday? (তুমি গতকাল কাকে নিমন্ত্রণ করেছিলে?) |
| 5. | WHICH-*adjective/pronoun* | 'কোন্‌টি' অর্থাৎ পছন্দ সম্বন্ধে জানতে ব্যবহৃত হয় | Which river flows through Dhaka? (ঢাকা'র মধ্য দিয়ে কোন নদী প্রবাহিত?)<br>Which one should I pick? (আমি কোনটি বেছে নেব?) |
| 6. | WHEN-*adverb* | 'কখন/ কোন সময়ে' অর্থাৎ সময় সম্বন্ধে জানতে ব্যবহৃত হয় | When will he come? (সে কখন আসবে?)<br>When were you born? (তুমি কত সালে জন্মগ্রহণ করেছ?) |
| 7. | WHERE-*adverb* | 'কোন্‌খানে/ কোথায়' অর্থাৎ স্থান সম্বন্ধে জানতে ব্যবহৃত হয় | Where will he go? (সে কোথায় যাবে?)<br>Where is your pen? (তোমার কলমটি কোথায়?) |
| 8. | WHY-*adverb* | 'কী জন্য/ কী কারণে/ কেন' অর্থাৎ কোন কারণ বা ব্যাখ্যা জানতে ব্যবহৃত হয় | Why are you late? (তোমার বিলম্ব কী জন্য?)<br>Why did he come here? (সে কেন এখানে এসেছিল?) |
| 9. | HOW-*adverb* | 'কীভাবে/ কেমন করে/ কতদূর' ইত্যাদি সম্বন্ধে জানতে ব্যবহৃত হয় | How did you do it? (তুমি এটি কীভাবে করেছো?)<br>How far is Mymensingh? (ময়মনসিংহ কতদূর?) |

## Let's Practice ~ এসো অনুশীলন করি

**Ques. ▸ Make WH questions from the given sentences with Who, What, When, Where, Why, Which and How using the underlined word/ words.** (নিম্নরেখ শব্দ/শব্দাবলি Who, What, When, Where, Why, Which এবং How দ্বারা নিচের বাক্যগুলো হতে প্রশ্ন তেরি করো।)

**1.** (a) I am <u>Riya</u>. (আমি রিয়া।)
(b) I am <u>fine</u>. (আমি ভালো আছি।)
(c) <u>I</u> am Mashuk. (আমি মাশুক।)
(d) <u>I</u> am a student. (আমি একজন শিক্ষার্থী।)
(e) She is <u>Mrs Fareha</u>. (তিনি হচ্ছেন জনাবা ফারিহা)

**2.** (a) That is <u>Keya</u>. (ওই যে ওটা কেয়া।)
(b) She is <u>a new student</u>. (সে একজন নতুন শিক্ষার্থী।)
(c) I am <u>Mashuk</u>. (আমি মাশুক।)
(d) I am from <u>Sylhet</u>. (আমার বাড়ি সিলেট।)
(e) <u>I</u> am from Khulna. (আমার বড়ি খুলনা।)

**3.** (a) <u>The girl</u> takes the chalk. (বালিকাটি খড়িমাটি নেয়।)
(b) She goes <u>to the board</u>. (সে বোর্ডের কাছে যায়।)
(c) The boy cleans <u>the board</u>. (বালকটি বোর্ড পরিষ্কার করে।)
(d) He cleans it <u>with a duster</u>. (সে একটি মুছনি দিয়ে এটা পরিষ্কার করে।)
(e) The girl draws <u>our flag</u>. (বালকটি আমাদের পতাকা আঁকে।)

**4.** (a) The boy puts on <u>his uniform</u>. (বালকটি তার ইউনিফর্ম পরিধান করে।)
(b) He <u>takes a shower</u>. (সে গোসল করে।)
(c) <u>The boy</u> gets up from bed. (বালকটি বিছানা থেকে ওঠে।)
(d) He eats <u>his breakfast</u>. (সে তার সকালের নাস্তা খায়।)
(e) They are <u>friends</u>. [তারা (হয়) বন্ধু।]

**5.** (a) She puts her <u>bag</u> down. (সে তার ব্যাগ নামিয়ে রাখে।)
(b) <u>She</u> changes her clothes. (সে তার কাপড় বদলায়।)
(c) She comes back <u>from school</u>. (সে স্কুল থেকে ফিরে আসে।)
(d) She helps her mother <u>in the kitchen</u>. (সে তার মাকে রান্নাঘরে সাহায্য করে।)
(e) Her mother requests her to <u>wash the eggs</u>. (তার মা তাকে ডিমগুলো ধুতে অনুরোধ করে।)

6. (a) I need a cup of water. (আমার এক পেয়ালা পানি দরকার।)
(b) I need to open the window. (আমার জানালাটি খোলা দরকার।)
(c) I want to have a mango. (আমি একটি আম খেতে চাই।)
(d) He requests me to close the door. (সে আমাকে দরজাটি বন্ধ করতে অনুরোধ করে।)
(e) The teacher requests me to clean the board. (শিক্ষক আমাকে বোর্ড মুছতে অনুরোধ করেন।)

7. (a) There are seven days in a week. (সাতদিনে একসপ্তাহ।)
(b) Today is Monday. (আজ সোমবার।)
(c) Tomorrow is Tuesday. (আগামীকাল মঙ্গলবার।)
(d) Yesterday was Sunday. (গতকাল ছিল রবিবার।)
(e) Friday is holiday. (শুক্রবার ছুটির দিন।)

8. (a) There are four persons in the picture. (ছবিতে চারজন ব্যক্তি রয়েছে।)
(b) A farmer grows food. (কৃষক খাদ্য উৎপাদন করে।)
(c) A doctor helps sick people. (ডাক্তার অসুস্থ লোকদের সাহায্য করেন।).
(d) A pilot flies a plane. (বিমানচালক বিমান চালায়।)
(e) A blacksmith makes metal things. (কামার ধাতব জিনিসপত্র তৈরি করে।)

9. (a) I make clothes. (আমি পোশাক তৈরি করি।)
(b) A pilot can fly in the sky. (পাইলট আকাশে উড়তে পারে।)
(c) They look new. (তাদেরকে/ এদেরকে নতুন দেখাচ্ছে/ দেখায়।)
(d) He writes on the board. (সে বোর্ডে লিখে।)
(e) She reads to her students. (তিনি তার ছাত্রদেরকে পড়ে শোনান।)

10. (a) A cat means. (বিড়াল মিউমিউ করে।)
(b) A crow caws. (কাক কা কা করে।)
(c) A dog barks. (কুকুর ঘেউ ঘেউ করে।)
(d) A goat bleats. (ছাগল ভ্যা ভ্যা করে।)
(e) A frog croaks. (ব্যাঙ ঘ্যাঙর ঘ্যাং ডাকে।)

11. (a) They are planting seeds. (তারা বীজ বুনছে।)
(b) They are watering plants. (তারা চারাগাছে পানি দিচ্ছে।)
(c) They are washing their hands. (তারা তাদের হাত ধুচ্ছে।)
(d) They are eating oranges. (তারা কমলা খাচ্ছে।)
(e) She is drinking water. (সে পানি পান করছে।)

12. (a) The rat is between the cats. (ইঁদুরটি বিড়াল দুটোর মাঝখানে।)
(b) The bag is in front of the door. (ব্যাগটি দরজার সামনে।)
(c) The girl is behind the tree. (বালিকাটি গাছের পিছনে।)
(d) He will write the sentences in his exercise book. (সে তার অনুশীলন খাতায় বাক্যগুলো লিখবে।)
(e) The jeep is near the hut. (জীপ গাড়িটি কুঁড়েঘরটির নিকটে।)

13. (a) Her name is Riya. (তার নাম রিয়া।)
(b) Shanta is in class 3. (শান্তা তৃতীয় শ্রেণিতে পড়ে।)
(c) Shanta is from Sylhet. (শান্তার বাড়ি সিলেট।)
(d) Mr. Ahmed is Shanta's father. (মি. আহমেদ শান্তার বাবা।)
(e) There is a question mark at the end of a question sentence. (প্রশ্ন বাক্যের শেষে একটি প্রশ্নবোধক চিহ্ন থাকে।)

14. (a) Fazle and Saiful will see the frogs. (ফজল ও সাইফুল ব্যাঙ দেখবে।)
(b) Fazle is happy. (ফজল খুশি।)
(c) Saiful has an idea. (সাইফুলের একটি পরিকল্পনা আছে।)
(d) Saiful wants to throw a stone. (সাইফুল একটি পাথর ছুঁড়তে চায়।)
(e) Fazle stops him. (ফজল তাকে থামায়।)

15. (a) I like fruit. (আমি ফল পছন্দ করি।)
(b) Bananas and papayas are my favourite fruit. (কলা আর পেঁপে আমার প্রিয় ফল।)
(c) I also like vegetables. (আমি শাকসবজিও পছন্দ করি।)
(d) Cucumbers are my favourite vegetables. (শশা আমার প্রিয় সবজি।)
(e) I like to drink juice. (আমি ফলের রস পান করতে পছন্দ করি।)

16. (a) I need some soap. (আমার কিছু সাবান দরকার।)
 (b) I need nothing else. (আমার আর কিছু দরকার নেই।)
 (c) It costs thirty taka. (এর দাম ত্রিশ টাকা।)
 (d) I have a fifty taka note. (আমার একটি পঞ্চাশ টাকার নোট আছে।)
 (e) Here is your change. (এই নাও তোমার বাকি টাকা।)

17. (a) The young crows are afraid. (বাচ্চা কাকগুলো ভীত।)
 (b) In the afternoon mother crow comes back. (বিকালবেলায় মা কাক ফিরে আসে।)
 (c) The young crows tell their mother about the farmer. (বাচ্চা কাকগুলো তাদের মাকে কৃষক সম্পর্কে বলে।)
 (d) They ask her about the time to leave the nest. (এরা বাসা ছাড়ার সময় সম্পর্কে তাকে জিজ্ঞাসা করে।)
 (e) Mother crow assures them. (মা কাক তাদেরকে আশ্বস্ত করে।)

18. (a) Robert Bruce, the king of Scotland, was famous for his patriotism. (স্কটল্যান্ডের রাজা রবার্ট ব্রুস তার স্বদেশপ্রেমের জন্য বিখ্যাত ছিলেন।)
 (b) Once enemies invaded his kingdom. (একদা শত্রুরা তার রাজ্য আক্রমণ করলো।)
 (c) The king fled from his kingdom to save his life. (রাজা তার জীবন বাঁচানোর জন্য তার রাজ্য থেকে পালিয়ে গেলেন।)
 (d) He took shelter in a remote cave. (তিনি দূরবর্তী একটি গুহায় আশ্রয় নেন।)
 (e) The king was in a gloomy state for his unhappy condition. (রাজা তার দুরবস্থার জন্য বিষণ্ন ছিলেন।)

19. (a) Once two friends promised to help each other at the time of danger. (একদা দুই বন্ধু একে অপরকে বিপদের সময় সাহায্য করার জন্য প্রতিজ্ঞা করলো।)
 (b) One day they were passing through a forest. (একদিন তারা এক জঙ্গলের ভেতর দিয়ে যাচ্ছিল।)
 (c) Suddenly a bear came in front of them. (হঠাৎ তাদের সামনে এক ভল্লুক উপস্থিত হলো।)
 (d) One friend climbed a tree to save himself. (এক বন্ধু নিজেকে বাঁচানোর জন্য একটি গাছে আরোহণ করলো।)
 (e) But the other friend did not know how to climb a tree. (কিন্তু অন্য বন্ধু জানতো না কীভাবে গাছে চড়তে হয়।)

20. (a) Once a crow became very thirsty as it was a summer day. (একদা এক কাক খুব তৃষ্ণার্ত হলো কারণ এটা ছিল গরমের দিন।)
 (b) It began to move in search of water. (এটা পানির খোঁজে ঘুরতে লাগলো।)
 (c) Suddenly, it noticed a jar at a little distance. (হঠাৎ এটা সামান্য দূরে একটা কলসী দেখতে পেলো।)
 (d) Then it flew to it. (তখন সে উড়ে এটার কাছে গেল।)
 (e) But the crow could not reach the water in the jar because the water level was very low. (কিন্তু কাকটি কলসীর পানির নাগাল পেলো না কারণ পানির উচ্চতা খুব কম ছিল।)

## Answer Sheet

1. (a) Who are you? (তুমি কে?)
 (b) How are you? (তুমি কেমন আছ?)
 (c) Who is Masuk (মাশুক কে?)
 (d) Who is a student? (কে একজন শিক্ষার্থী?)
 (e) Who is she? (তিনি কে?)

2. (a) Who is that? (ওটা কে?)
 (b) Who is she? (সে কে?)
 (c) Who are you? (তুমি কে?)
 (d) Where are you from? (তোমার বাড়ি কোথায়?)
 (e) Who is from Khulna? (কার বাড়ি খুলনা?)

3. (a) Who takes the chalk? (কে খড়িমাটি নেয়?)
 (b) Where does she go? (সে কোথায় যায়?)
 (c) What does the boy clean? (বালকটি কী পরিষ্কার করে?)
 (d) How does he clean it? (সে কীভাবে এটা পরিষ্কার করে?)
 (e) What does the girl draw? (বালিকাটি কী আঁকে?)

4. (a) What does the boy put on? (বালকটি কী পরিধান করে?)
(b) What does he do? (সে কী করে?)
(c) Who gets up from bed? (কে বিছানা থেকে ওঠে?)
(d) What does he eat? (সে কী খায়?)
(e) Who are they? (তারা কারা?)

5. (a) What does she put down? (সে কী নামিয়ে রাখে?)
(b) What does she change? (সে কী বদলায়?)
(c) Where does she come back from? (সে কোথা থেকে ফিরে আসে?)
(d) Where does she help her mother? (সে তার মাকে কোথায় সাহায্য করে?)
(e) What does her mother request her to do? (তার মা তাকে কী করতে অনুরোধ করে?)

6. (a) What do you need? (তোমার কী দরকার?)
(b) What do you need to open? (তোমার কী খোলা দরকার?)
(c) Who wants to have a mango? (কে একটি আম খেতে চায়?)
(d) What does he request you to do? (সে তোমাকে কী করতে অনুরোধ করে?)
(e) Who requests you to clean the board? (তোমাকে বোর্ড মুছতে কে অনুরোধ করেন?)

7. (a) How many days are there in a week? (একসপ্তাহে কয় দিন?)
(b) What day is it today? (আজ কী বার?)
(c) What day is tomorrow? (আগামীকাল কী বার?)
(d) What day was yesterday? (গতকাল কোনদিন/ বার ছিল?)
(e) What day is holiday? (কোনদিন ছুটির দিন?)

8. (a) How many persons are there in the picture? (ছবিতে কয়জন ব্যক্তি রয়েছে?)
(b) Who grows food? (কে খাদ্য উৎপাদন করে?)
(c) What does a doctor do? (একজন ডাক্তার কী করে?)
(d) What does a pilot fly? (একজন বিমানচালক কী চালায়/ উড়ায়?)
(e) Who makes metal things? (কে ধাতব জিনিসপত্র বানায়?)

9. (a) Who makes clothes? (কে পোশাক তৈরি করে?)
(b) Where can a pilot fly? (একজন পাইলট কোথায় উড়তে পারে?)
(c) How do they look? (তাদেরকে/ এদেরকে কেমন দেখায়/ দেখাচ্ছে?)
(d) What does he do on the board? (সে বোর্ডে কী করে?)
(e) Whom does she read? (সে কাকে/ কাদেরকে পড়ে শোনান?)

10. (a) Who mews? (কে মিউ মিউ করে?)
(b) What sound does a crow make? (কাক কেমন শব্দ করে?/ কাক কী ধরনের শব্দ করে?)
(c) Who barks? (কে ঘেউ ঘেউ করে?)
(d) What sound does a goat make? (ছাগল কেমন শব্দ করে ডাকে?)
(e) Who/ What croaks? (কে/ কী ঘ্যাঙর ঘ্যাঙ ডাকে?)

11. (a) Who are planting seeds? (কারা বীজ বুনছে?)
(b) What are they doing? (তারা কী করছে?)
(c) What are they washing? (তারা কী ধুচ্ছে?)
(d) Who are eating oranges? (কারা কমলা খাচ্ছে?)
(e) What is she drinking? (সে কী পান করছে?)

12. (a) Where is the rat? (ইঁদুরটি কোথায়?)
(b) What is in front of the door? (দরজার সামনে কী?)
(c) Who is behind the tree? (কে গাছের পিছনে?)
(d) What will he write in his exercise book? (সে তার অনুশীলন খাতায় কী লিখবে?)
(e) Where is the jeep? (জীপগাড়িটি কোথায়?)

13. (a) What is her name? (তার নাম কী?)
(b) What class is Shanta in? (শান্তা কোন শ্রেণিতে পড়ে?)
(c) Where is Shanta from? (শান্তার বাড়ি কোথায়?)
(d) Who is Shanta's father? (শান্তার বাবা কে?)
(e) What is there at the end of a question sentence? (প্রশ্ন বাক্যের শেষে কী থাকে?)

14. (a) Who will see the frogs? (কারা ব্যাঙ দেখবে?)
(b) Who is happy? (কে খুশি হলো?)
(c) What does Saiful have? (সাইফুলের কী আছে?)
(d) What does Saiful want to throw? (সাইফুল কী ছুঁড়ে মারতে চায়?)
(e) Who/ Whom does Fazle stop? (ফজল কাকে থামায়?)

15. (a) What do you like? (তুমি কী পছন্দ কর?)
(b) What/ Which are your favourite fruit? (তোমার প্রিয় ফল কোনগুলো?)
(c) What do you also like? (তুমি আরও কী পছন্দ কর?)
(d) What are your favourite vegetables? (তোমার প্রিয় সবজি কোনটি?)
(e) What do you like to drink? (তুমি কী পান করতে পছন্দ কর?)

16. (a) What do you need? (তোমার কী প্রয়োজন?)
(b) What else do you need? (তোমার আর কী প্রয়োজন?)
(c) What does it cost? (এর দাম কত?)
(d) What do you have? (তোমার কী আছে?)
(e) What does he give you? (সে তোমাকে কী দেয়?)

17. (a) How are the young crows? (বাচ্চা কাকগুলো কেমন?)
(b) When does mother crow come back? (মা কাক কখন ফিরে আসে?)
(c) Whom do the young crows tell about the farmer? (বাচ্চা কাকগুলো কৃষক সম্পর্কে কাকে বলে?)
(d) What do they ask her? (তারা তার কাছে কী জিজ্ঞাসা করে?)
(e) Who assures them? (কে তাদেরকে আশ্বস্ত করে?)

18. (a) Why was Robert Bruce famous? (রবার্ট ব্রুস বিখ্যাত ছিলেন কেন?)
(b) When did enemies invade his kingdom? (শত্রুরা কখন তার রাজ্য আক্রমণ করলো?)
(c) What did the king do to save his life? (রাজা তার জীবন বাঁচানোর জন্য কী করলেন?)
(d) Where did he take shelter? (তিনি কোথায় আশ্রয় নিলেন?)
(e) How was the king for his unhappy condition? (রাজা তার অসুখী অবস্থার জন্য কেমন ছিলেন?)

19. (a) What did two friends do to help each other? (দুই বন্ধু একে অপরকে সাহায্য করার জন্য কী করলো?)
(b) Where were they passing through one day? (একদিন তারা কোথা দিয়ে যাচ্ছিল?)
(c) Who/ What came in front of them? (কে/ কী তাদের সামনে এলো?)
(d) Why did one friend climb a tree? (এক বন্ধু গাছে উঠলো কেন?)
(e) Who did not know how to climb a tree? (কে জানতো না কীভাবে গাছে চড়তে হয়?)

20. (a) Why did a crow become very thirsty? (কাক খুব তৃষ্ণার্ত হলো কেন?)
(b) What did it do in search of water? (এটা পানির সন্ধানে কী করলো?)
(c) Where did it notice a jar? (এটা কোথায় একটা কলসী দেখলো?)
(d) What did it do then? (তখন এটা কী করলো?)
(e) Why could not the crow reach the water in the jar? (কাকটি কেন কলসীর পানির নাগাল পেল না?)

## Unit-11 : Rearranging words

Gramatically (ব্যাকরণসম্মতভাবে) একটি Sentence-কে সঠিক হতে হলে structurally (গঠনগতভাবে) তা সঠিক হতে হয়। গঠনগতভাবে সঠিক হতে হলে বাক্যে word-গুলো বাক্যের ধরন অনুযায়ী সঠিকভাবে বসাতে হয়।
নিচের সাধারণ বাক্যগুলো আত্মস্থ করে রাখো—

❑ **Present Indefinite Tense** (বর্তমান সময়ে কোনো কাজ করা বা হওয়া বোঝায়)

Subject + মূল verb (Present form) + Object → Affirmative (+)
Subject + do/does not + (Present form) + Object → Negative (–)
Do/Does + Subject + (Present form) + Object → Interrogative (?)
Wh-word + do/does + (Present form) + Object → Wh-question (?)

**Examples :**

goes/school/he/to → He goes to school. (সে স্কুলে যায়।)
does/the/laugh/not/girl → The girl does not laugh. (মেয়েটি হাসে না।)
pen/do/a/have/you → Do you have a pen? (তোমার কাছে কি একটি কলম আছে?)
do/live/where/you → Where do you live? (তুমি কোথায় বাস কর?)

☐ **Present Continuous Tense** (বর্তমানে কোনো কাজ চলছে এমন বোঝায়)

| |
|---|
| Subject + am/is/are + মূল verb (+ ing) + অন্যান্য অংশ → Affirmative (+)<br>Subject + am/is/are + মূল verb (+ ing + not) + অন্যান্য অংশ → Negative (–)<br>Am/Is/Are + Subject + মূল verb (+ ing) + অন্যান্য অংশ → Interrogative (?)<br>Wh-word + am/is/are + Subject + মূল verb (+ ing) + অন্যান্য অংশ → Wh-question (?) |

**Examples :**

swimming/am/I → I am swimming. (আমি সাঁতার কাটছি।)
going/is/to/he/not/market → He is not going to market. (সে বাজারে যাচ্ছে না।)
not/is/reading/Rafsan → Is Rafsan not reading? (রাফসান কি পড়ছে না?)
you/what/saying/are → What are you saying? (তুমি কি বলছো?)

☐ **Present Perfect Tense** (কোনো কাজ বর্তমান কালে হয়েছে এবং তার ফল এখনও রয়েছে বোঝায়)

| |
|---|
| Subject + have/has + মূল verb-এর Past Participle + বাকি অংশ → Affirmative (+) |

**Examples :**

a/I/book/have/bought → I have bought a book. (আমি একটি বই কিনেছি।)
fish/he/a/caught/has → He has caught a fish. (সে একটি মাছ ধরেছে।)

☐ **Past Indefinite Tense** (অতীতে কোনো কাজ হয়েছিল বোঝায়)

| |
|---|
| Subject + মূল verb-এর past form + অন্যান্য অংশ → Affirmative (+) |

**Examples :**

glass/Rupom/the/broke → Rupom broke the glass. (রুপম গ্লাসটি ভেঙেছিল।)
did/when/come/she → When did she come? (সে কখন এসেছিল?)

☐ **Past Continuous Tense** (অতীতে কোনো কাজ চলছিল বোঝায়)

| |
|---|
| Subject + was/were + মূল verb-এর সঙ্গে ing + বাকি অংশ → Affirmative (+) |

**Examples :**

were/playing/they → They were playing. (তারা খেলছিল।)
I/abusing/was/him → Was I abusing him? (আমি কি তাকে তিরস্কার করছিলাম?)

☐ **Future Indefinite Tense** (ভবিষ্যতে কোনো কাজ হবে বোঝায়)

| |
|---|
| Subject + shall/will + মূল verb-এর present form + বাকি অংশ → Affirmative (+) |

**Examples :**

school/shall/to/we/go → We shall go to school. (আমরা স্কুলে যাবো।)
drink/he/tea/not/will → He will not drink tea. (সে চা পান করবে না।)

☐ **Future Continuous Tense** (ভবিষ্যতে কোনো কাজ চলতে থাকবে বোঝায়)

| |
|---|
| Subject + Shall be/will be + মূল verb-এর সঙ্গে ing + বাকি অংশ → Affirmative (+) |

**Examples :**

a/he/book/will be/reading → He will be reading a book. (সে একটি বই পড়তে থাকবে।)
playing/we/not be/shall → We shall not be playing. (আমরা খেলতে থাকবো না।)

## Let's Practice ~ এসো অনুশীলন করি

**Ques. ▸ Arrange and rewrite the following words so that they make sense.** (নিচের শব্দগুলো সাজিয়ে পুনরায় লিখ যাতে এগুলো অর্থ প্রকাশ করে।)

1. (a) is/her/Riya/name.
   (b) is/he/an/English/teacher.
   (c) play/would/with/you/like/to/me?
   (d) write/the/missing/letters.
   (e) early/sleep/go/to.
2. (a) a/take/for/rest/while.
   (b) in/not/run/sun/the/do.
   (c) and/your/wash/hands/face.
   (d) water/drink/dirty/don't.
   (e) the/blackboard/clean/with/duster/the.
3. (a) your/put/on/uniform.
   (b) bed/out/of/get.
   (c) a/in/line/stand.
   (d) national/listen/the/to/anthem.
   (e) talk/don't/please.

4. (a) a/take/shower.
   (b) national/sing/the/anthem.
   (c) bed/out/get/of.
   (d) on/put/your/uniform.
   (e) the/clean/board/please.
5. (a) the/write/on/board.
   (b) give/can/you/book/me/your/English?
   (c) it/month/is/what/now?
   (d) the/Monday/after/day/is/Tuesday.
   (e) it/what/is/day/today?
6. (a) board,/can/please/clean/you/the?
   (b) grows/farmer/a/food.
   (c) there/are/30/days/in/September.
   (d) month/is/the/what/next/?
   (e) a/flies/a/plane/pilot.
7. (a) people/a/doctor/helps.
   (b) it/month/is/what/now?
   (c) makes/a/things/blacksmith/metal.
   (d) sound/circle/in/the/middle/the/of/the/word.
   (e) mends/cobbler/a/shoes.
8. (a) a/could/of/have/I/cup/water?
   (b) driver/bus/a/drives/a.
   (c) clean/I'm/a/animal.
   (d) at/a/teaches/teacher/school.
   (e) know/do/a/you/farmer?
9. (a) can/you/give/me/my/uniform,/please?
   (b) I/wash/myself/every/day.
   (c) a/tailor/makes/clothes.
   (d) tree/I/a/live/in.
   (e) more/the/eats/frog/grass.
10. (a) from/I/food/take/people.
   (b) getting/I/am/up.
   (c) are/you/what/doing?
   (d) homework/I'm/doing.
   (e) planting/they/seeds/are.
11. (a) plants/are/they/watering.
   (b) what/doing/am/I?
   (c) cow/grass/is/the/eating.
   (d) is/which/big/animal?
   (e) grass/cow/is/eating/the/not/now.
12. (a) has/a/goat/farmer/the.
   (b) cow/the/what/does/think?
   (c) washing/hands/they're/their.
   (d) the/does/bigger/frog/why/grow?
   (e) between/the/is/the/rat/cats.

## Answer Sheet

1. (a) Her name is Riya. (তার নাম রিয়া।)
   (b) He is an English teacher. (তিনি একজন ইংরেজি শিক্ষক।)
   (c) Would you like to play with me? (তোমরা কী আমার সাথে খেলবে?)
   (d) Write the missing letters. (বাদপড়া অক্ষর বা বর্ণগুলো লেখ।)
   (e) Go to sleep early. (সকালসকাল ঘুমাতে যাও।)
2. (a) Take rest for a while. (কিছুক্ষণ বিশ্রাম নাও।)
   (b) Do not run in the sun. (রোদে ঘোরাঘুরি করো না।)
   (c) Wash your hands and face. (তোমার হাতমুখ ধুয়ে নাও।)
   (d) Don't drink dirty water. (অপরিষ্কার পানি পান করো না।)
   (e) Clean the blackboard with the duster. (বুরুশ দিয়ে ব্ল্যাকবোর্ড পরিষ্কার কর।)
3. (a) Put on your uniform. (তোমার ইউনিফর্ম বা বিদ্যালয়ের পোশাক পরিধান কর।)
   (b) Get out of bed. (শয্যা ত্যাগ কর।)
   (c) Stand in a line. (সারিবন্ধভাবে দাঁড়াও।)
   (d) Listen to the national anthem. (মনোযোগ সহকারে জাতীয় সঙ্গীত শোন।)
   (e) Please don't talk. (অনুগ্রহপূর্বক কথা বলো না।)
4. (a) Take a shower. (গোসল কর।)
   (b) Sing the national anthem. (জাতীয় সঙ্গীত গাও।)
   (c) Get out of bed. (শয্যা ত্যাগ কর।/ঘুম থেকে ওঠো।)
   (d) Put on your uniform. (তোমার ইউনিফর্ম পর।)
   (e) Please, clean the board. (বোর্ড পরিষ্কার কর।)
5. (a) Write on the board. (বোর্ডে লেখ।)
   (b) Can you give me your English book? (তুমি কি তোমার ইংরেজি বইটি আমাকে দিতে পারবে?)
   (c) What month is it now? (এখন কোন্ মাস?)
   (d) The day after Monday is Tuesday. (সোমবারের পরের দিন মঙ্গলবার।)
   (e) What day is it today? (আজ কী বার?)

6. (a) Can you clean the board, please? (তুমি কি অনুগ্রহপূর্বক বোর্ডটি মুছে পরিষ্কার করতে পারবে?)
(b) A farmer grows food. (কৃষক খাদ্য ফলায়)
(c) There are 30 days in September. (ত্রিশ দিনে হয় মাস সেপ্টেম্বর।)
(d) What is the next month? (পরবর্তী মাস কোন্‌টি?)
(e) A pilot flies a plane. (পাইলট বিমান চালায়।)

7. (a) A doctor helps people. (ডাক্তার মানুষকে সহায়তা করে।)
(b) What month is it now? (এখন কী মাস?)
(c) A blacksmith makes metal things. (কামার ধাতববস্তু তৈরি করে।)
(d) Circle the sound in the middle of the word. (শব্দের মাঝখানের ধ্বনি গোল দাগ দিয়ে চিহ্নিত কর।)
(e) A cobbler mends shoes. (মুচি জুতা মেরামত করে।)

8. (a) Could I have a cup of water? (আমি কি এক কাপ/পেয়ালা পানি পেতে পারি?)
(b) A driver drives a bus. (একজন চালক বাস চালনা করে।)
(c) I'm a clean animal. (আমি পরিচ্ছন্ন প্রাণী।)
(d) A teacher teaches at school. (একজন শিক্ষক স্কুলে পাঠদান করে।)
(e) Do you know a farmer? (তুমি কি কোন কৃষককে চেন?)

9. (a) Can you give me my uniform, please? (তুমি কি অনুগ্রহপূর্বক আমার ইউনিফর্মটি দিতে পারবে?)
(b) I wash myself every day. (আমি প্রতিদিন গোসল করি।)
(c) A tailor makes clothes. (দর্জি পোশাক তৈরি করে।)
(d) I live in a tree. (আমি গাছে থাকি।)
(e) The frog eats more grass. (ব্যাঙটি আরো বেশি ঘাস খায়।)

10. (a) I take food from people. (আমি লোকজনের কাছ থেকে খাবার ছিনিয়ে নিই।)
(b) I am getting up. (আমি ঘুম থেকে উঠছি।)
(c) What are you doing? (তুমি কি করছো?)
(d) I'm doing homework. (আমি বাড়ির কাজ করছি।)
(e) They're planting seeds. (তারা বীজ বপন করছে।)

11. (a) They are watering plants. (তারা চারাগাছে পানি দিচ্ছে।)
(b) What am I doing? (আমি কি করছি?)
(c) The cow is eating grass. (গরুটি ঘাস খাচ্ছে।)
(d) Which animal is big? (কোন প্রাণীটি বড়?)
(e) The cow is not eating grass now. (গরুটি এখন আর ঘাস খাচ্ছে না।)

12. (a) The farmer has a goat. (কৃষকটির একটি ছাগল আছে।)
(b) What does the cow think? (গরুটি কী ভাবে?)
(c) They're washing their hands. (তারা হাত ধুচ্ছে।)
(d) Why does the frog grow bigger? (ব্যাঙটি বড় হতে থাকে কেন?)
(e) The rat is between the cats. (ইঁদুরটি বিড়াল দুটির মাঝখানে।)

## Unit-12 : Punctuation & Use of Capital Letters

Punctuation শব্দের অর্থ বিরাম বা বিরাম চিহ্ন। বাক্যের অর্থকে সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের কোথায় কতটুকু থামতে হবে তা কতগুলো সাংকেতিক চিহ্নের সাহায্যে বোঝানো হয়। এই সাংকেতিক চিহ্নগুলোর ব্যবহার পদ্ধতিকেই বলে Punctuation। নিচের ছকে ইংরেজিতে ব্যবহৃত Punctuation Mark-গুলো দেয়া হলো :

| | | | |
|---|---|---|---|
| 1 | Full Stop (দাঁড়ি বা পূর্ণচ্ছেদ) | (.) | সাধারণত ১ সেকেন্ড থামতে হয় |
| 2 | Semi-Colon (অর্ধচ্ছেদ) | ; | Full Stop-এর অর্ধেক থামতে হয় |
| 3 | Comma (পাদচ্ছেদ) | , | Semi Colon- এর অর্ধেক থামতে হয় |
| 4 | Question Mark (প্রশ্নবোধক চিহ্ন) | ? | সাধারণত ১ সেকেন্ড থামতে হয় |
| 5 | Exclamation Mark (আশ্চর্যবোধক চিহ্ন) | ! | সাধারণত ১ সেকেন্ড থামতে হয় |
| 6 | Colon (দৃষ্টান্তচ্ছেদ) | : | সাধারণত ১ সেকেন্ড থামতে হয় |

| | | | |
|---|---|---|---|
| 7 | Dash (দীর্ঘ সংযোগ চিহ্ন) | — | সাধারণত ১ সেকেন্ড থামতে হয় |
| 8 | Inverted Commas (উদ্ধৃতি চিহ্ন) | " " | সাধারণত ১ সেকেন্ড থামতে হয় |
| 9 | Apostrophe (লোপ চিহ্ন) | ' | থামতে হয় না |
| 10 | Hyphen (সংযোগ চিহ্ন) | - | থামতে হয় না |

## PUNCTUATION MARK-সমূহের ব্যবহার

1. **Full stop [(ফুল স্টপ) – দাঁড়ি (.)] :**
পূর্ণ অর্থ প্রকাশক একটি বাক্য যেটি প্রশ্নবোধক বা বিস্ময়সূচক নয় তার শেষে Full stop ব্যবহৃত হয়। যেমন–
Many families live there.
I found it in a rat's hole.

2. **Semi-colon [(সেমি-কোলন)- দৃষ্টান্তচ্ছেদ (;)] :**
Semi-colon দ্বারা comma'র চেয়ে দীর্ঘ সময় নেয়া বুঝায় যা পরস্পরের সাথে সম্পর্কিত স্বাধীন clause (বাক্যাংশ) যদি conjunction দ্বারা যুক্ত না হয় তাহলে তাদের ক্ষেত্রে আলাদা করতে semi-colon ব্যবহৃত হয়। যেমন–
To err is human; to forgive is divine.
She looks wise; she has bright eyes.

3. **Comma [কমা (,)] :**
i. তিন বা ততোধিক সমজাতীয় word (শব্দ) বা clause (বাক্যাংশ) পাশাপাশি ব্যবহৃত হলে তাদের মাঝে comma ব্যবহৃত হয়। যেমন–
Mili, Nayan and Saleh are my friends.
They are kind, polite and caring.
ii. Date (তারিখ), address (ঠিকানা), place (স্থান) ইত্যাদিকে আলাদাভাবে প্রকাশ করতে comma ব্যবহৃত হয়। যেমন–
Mina was born on 15 March 1928.
Rupom lives in Muktagacha, Mymensingh.
iii. কারও উক্তি সরাসরি বাক্যে ব্যবহার করতে চাইলে উক্তির পূর্বে কমা ব্যবহৃত হয়। যেমন–
He said, 'I can do it.'
iv. Hello, Yes, No, Well, But, Alright ইত্যাদি word যদি বাক্যের শুরুতে বসে তাহলে এগুলোর পর comma দিতে হয়। যেমন–
Yes, I mailed it, Ms Huq.
v. বাক্যে কাউকে উদ্দেশ্য করে কিছু বললে তার নামকে আলাদা করতে কমা ব্যবহৃত হয়। যেমন–
Tanim, Listen to this song.
Neel, you can please turn on the radio.

4. **Question Mark [(কোশ্চেন মার্ক)- প্রশ্নবোধক চিহ্ন (?)] :**
কাউকে সরাসরি কোন প্রশ্ন করা হলে তার শেষে Question mark বসে। যেমন–
Did you send the Letter?
Where do the Royal Bengal Tigers live?
What bird would you like?

5. **Exclamation Mark [(ইকস্ক্লামেটরি মার্ক)- বিস্ময়সূচক চিহ্ন (!)] :**
কোন sentence দ্বারা যদি আদেশ, ভয়, বিস্ময়, উল্লাস বা মনের কোন আকস্মিক আবেগ প্রকাশিত হয় তাহলে বাক্যের শেষে exclamation mark বসে। যেমন–
You did fantastic!
You look great!
Stop fighting!
Wow! What a picture!

6. **Colon [(কোলন)- দৃষ্টান্তচ্ছেদ (:)] :**
Semi-colon-এর চেয়ে একটু বেশি বিরতি বোঝাতে colon ব্যবহৃত হয়। যেমন–
Send me the following goods : a good pen, some paper, one knife.
It wasn't easy: to begin with, I had to find the right house.

7. **Dash** [(ড্যাস)- দীর্ঘ সংযোগ চিহ্ন (–)] :
বাধাপ্রাপ্ত বা অসমাপ্ত উক্তির ক্ষেত্রে dash ব্যবহৃত হয়। যেমন–
I – er – I – that is, I have failed.

8. **Inverted Commas** [(ইনভার্টেড কমাস)- উদ্ধৃতি চিহ্ন ("×")] :
কারও কথা বা লেখা হুবহু তুলে ধরতে আমরা Inverted Comma ব্যবহার করে থাকি। উদ্ধৃত অংশের শুরু ও শেষে এই চিহ্ন ব্যবহার করা হয়। উদ্ধৃত অংশের শুরু বা শেষে প্রযোজ্য ক্ষেত্রে কমা (,) ব্যবহৃত হয়। যেমন–
Amal says, "Come, Neel, let's read this story together."
"I don't agree," I replied.

9. **Apostrophe** [(অ্যাপস্ট্রফি)- লোপ চিহ্ন (')] :
i. Noun সমূহের Possessive case গঠন করতে apostrophe ব্যবহৃত হয়। যেমন–
**Adnan's** mother took his grandmother to a hospital.
ii. সময় উল্লেখ করতে apostrophe ব্যবহার করতে হয়। যেমন– It is 4 o'clock.
iii. Contraction (কন্ট্রাকশন–শব্দ সংক্ষেপণ) বা দু'টো শব্দকে যুক্ত করতে apostrophe (') ব্যবহৃত হয়। যেমন–
Don't disturb him. (Don't = Do + not) I'm your uncle. (I'm = I + am)

10. **Hyphen** [(হাইফেন)- সংযোগ চিহ্ন (-)] :
Hyphen, dash (ড্যাস) এর চেয়ে একটু ছোট সংযোগ চিহ্ন যা একটি word-কে আলাদা করতে কিংবা দুইয়ের অধিক word-কে যুক্ত করতে ব্যবহৃত হয়। যেমন–
I love home-made cakes.–দু'টো শব্দ যোগ করছে। এমনিভাবে, cap-seller, full-time, well-known ইত্যাদি।

## CAPITAL LETTER-এর ব্যবহার

(a) পরিপূর্ণ অর্থ প্রকাশক যেকোন Sentence-এর প্রথম letter-টি capital হয়। যেমন–
Be careful, Raju.

(b) Proper noun (দেশ, জাতি, ভাষা, বই, সংবাদপত্র, পত্রিকা ইত্যাদি)–সমূহের প্রথম letter-টি সর্বদা capital হয়। যেমন–
Banglagesh, Indian, Bengali, The Daily Star ইত্যাদি।

(c) আমি অর্থে I সর্বদা capital letter হয়। যেমন–
I read in class four.
Everyday I learn something new.

(d) ছড়া (rhyme)/কবিতার (poem) প্রতিটি লাইনের প্রথম letter-টি capital হয়। যেমন–

Tall ears,
Twinkly nose,
Tiny tail,
And hop, he goes!

(e) সৃষ্টিকর্তা বা কোন দেবতাকে বুঝাতে ব্যবহৃত Noun/ Pronoun-এর প্রথম letter-টি capital হয়। যেমন–
Allah had His mercy on us.

(f) দিন, মাস, ঋতু, উৎসব বা বিশেষ কোন মুহূর্তের প্রথম letter-টি capital হয়। যেমন–
Eid Day, May Day, Xmas Day, April, Spring ইত্যাদি।

(g) দ্বীপসমূহের নাম, নদী-নদী, পাহাড়-পর্বত, ঐতিহাসিক ঘটনার প্রথম অক্ষর Capital Letter হয়। যেমন–
We go to Andamans.
The Jamuna is a mighty river.
The War of Independence ইত্যাদি।

(h) উদ্ধৃত Sentence-এর প্রথম অক্ষর Capital হয়। যেমন–
Teacher said, "Obey your parents".

(i) কোন নাম বা উপাধিকে সংক্ষিপ্ত আকারে প্রকাশ করার জন্য Capital Letter ব্যবহৃত হয়। যেমন–
B.A., M.A., A.K. Fazlul Haque ইত্যাদি।

(j) ধর্মীয় পুস্তকের নামের প্রথম অক্ষর Capital হয়। যেমন–
The Holy Quran, The Bible.

(k) চিঠিপত্রে addressing-এর প্রথমে Capital Letter হয়। যেমন–
My dear Father.

## Let's Practice ~ এসো অনুশীলন করি

**Ques. ▸ Rewrite the sentence using punctuation and capital letters where necessary.**
(প্রয়োজনীয় স্থানে বিরামচিহ্ন ও বড় হাতের অক্ষর ব্যবহার করে বাক্যগুলো পুনরায় লেখ।)

1. (a) hello im riya islam.
(b) i study at Rajbari primary school
(c) I'm a teacher i teach english at a primary school in narail

**Ans.**
(a) Hello, I'm Riya Islam. (হ্যালো, আমি রিয়া ইসলাম।)
(b) I study at Rajbari Primary School. (আমি রাজবাড়ি প্রাথমিক বিদ্যালয়ে পড়ি।)
(c) I'm a teacher. I teach English at a primary school in Narail. (আমি একজন শিক্ষক। আমি নড়াইলে একটি প্রাথমিক বিদ্যালয়ে ইংরেজি পড়াই।)

2. I'm Nazia hussain I'm 35 years old I'm from rangpur

**Ans.**
I'm Nazia Hussain. I'm 35 years old. I'm from Rangpur.
(আমি নাজিয়া হুসাইন। আমার বয়স ৩৫ বছর। আমার বাড়ি রংপুর।)

3. I'm from sylhet my family lives near the school. where does your family live

**Ans.**
I'm from Sylhet. My family lives near the school. Where does your family live?
(আমার বাড়ি সিলেটে। আমার পরিবার স্কুলের নিকটেই বাস করে। তোমার পরিবার কোথায় বাস করে?)

4. i am a little teapot
short and stout
this is my handle
and this is my spout

**Ans.**
I am a little tea-pot, (আমি একটি ছোট্ট চায়ের পাত্র,)
Short and stout. (ছোটো এবং মজবুত।)
This is my handle, (এটি আমার হাতল,)
And this is my spout. (আর, এটি আমার নলাকৃতি মুখ।)

5. Sayeed come to the board
Draw our national flag
Very good go back to your seat.

**Ans.**
Sayeed, come to the board. (সাঈদ, বোর্ডের নিকট আস।)
Draw our national flag. (আমাদের জাতীয় পতাকা আঁক।)
Very good. Go back to your seat. (খুব ভালো। তোমার আসনে ফিরে যাও।)

6. children listen carefully
Take care of your health
Eat good foods

**Ans.**
Children, listen carefully. (ছেলেমেয়েরা, মনোযোগ সহকারে শোন।)
Take care of your health. (তোমাদের স্বাস্থ্যের যত্ন নাও।)
Eat good foods. (ভালো খাবার খাও।)

7. come here students
stand up in a line
keep quiet

**Ans.**
Come here, students. (এখানে আস, ছাত্রছাত্রীরা।)
Stand up in a line. (সারিবদ্ধভাবে দাঁড়াও।)
Keep quiet. (শান্ত থাক।)

8. Can you give me your english book please yes of course.

**Ans.**

Can you give me your English book, please? Yes, of course.
(দয়া করে আমাকে তোমার ইংরেজি বইটা দিতে পার? হ্যাঁ, অবশ্যই। এই নাও।)

9. Hickety Pickety, my black hen
She lays egg for gentlemen
Sometimes nine and sometimes ten
Hickety Pickety my black hen

**Ans.**

Hickety Pickety, my black hen, (হিকেটি পিকেটি আমার কালো মুরগি,)
She lays egg for gentlemen; (সে ভদ্রলোকদের জন্য ডিম পাড়ে;)
Sometimes nine and sometimes ten, (কখনও নয়টি আবার কখনও দশটি,)
Hickety Pickety, my black hen. (হিকেটি পিকেটি আমার কালো মুরগি।)

10. im a crow I'm a clever bird I get up early in the morning
(আমি কাক। আমি চতুর পাখি। আমি খুব ভোরে ঘুম থেকে উঠি।)

**Ans.**

I'm a crow. I'm a clever bird. I get up early in the morning.

11. i'm a cat. I'm a clean animal. im a little lazy but I quickly catch mice.

**Ans.**

I'm a cat. I'm a clean animal. I'm a little lazy. But I quickly catch mice.
(আমি বিড়াল। আমি পরিচ্ছন্ন একটি প্রাণী। আমি একটু অলস। তবে আমি দ্রুত ইঁদুর ধরি।)

12. The frog looks at the cow and thinks This cow is very big I am very small I will grow big

**Ans.**

The frog looks at the cow and thinks, "This cow is very big. I am very small. I will grow big."
(ব্যাঙটি গরুর দিকে তাকিয়ে ভাবে, "গরুটি খুব বড়। আমি খুব ছোট। আমি বড় হব।")

13. The frogs belly is growing big. The cow looks at the frog and says, Strange Is it a frog or a football

**Ans.**

The frog's belly is growing big. The cow looks at the frog and says, "Strange! Is it a frog or a football?" (ব্যাঙের পেট ফুলে যাচ্ছে। গরুটি ব্যাঙের দিকে তাকিয়ে বলে, "অদ্ভুত! এটা কি ব্যাঙ নাকি ফুটবল?")

14. An old frog raises its head and says angrily Stop Stop throwing stones at us. Whats play to you is death to us

**Ans.**

An old frog raises its head and says angrily, "Stop! Stop throwing stones at us. What's play to you is death to us." (এক বুড়ো ব্যাঙ মাথা তুলে রাগান্বিত স্বরে বললো, "থাম! আমাদের দিকে পাথর ছোড়া থামাও। তোমাদের কাছে যেটা খেলা সেটা আমাদের কাছে মৃত্যু।")

15. One morning the mother says Children the farmer may come into the field today listen to what he says. Tell me when I come back.

**Ans.**

One morning the mother says, "Children, the farmer may come into the field today. Listen to what he says. Tell me when I come back." (একদিন সকালে মা পাখিটি বললো, "বাচ্চারা, কৃষক মাঠে আসতে পারে। সে কি বলে শুনে রেখ। আমি ফিরে আসলে বলো।)

16. the farmer is going to cut the corn tomorrow the farmers brothers will help him

**Ans.**

The farmer is going to cut the corn tomorrow. The farmer's brothers will help him.
(কৃষক আগামীকাল ফসল/শস্য কাটতে যাচ্ছে। কৃষকের ভায়েরা তাকে সাহায্য করবে।)